Bangladesh Madrasah Education Board, Dhaka.
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

নং ৩৭.১৬.০০০০.০০২.১৮.০০১.১৮.০০৬২ তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ।

বাংলাদেশ মাদ্রসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত মাদ্রাসার দাখিল ও আলিম স্তরের অনুমতি,স্বীকৃতি ও এমপিওভুক্ত সংক্রান্ত তথ্য প্রদানের জরুরি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জরুরি চাহিদার প্রেক্ষিতে বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা প্রধানসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩১/০১/২০১৮ তারিখের মধ্যে দাখিল এবং আলিম স্তরের নিম্নোক্ত তথ্য জরুরি ভিত্তিতে প্রয়োজনঃ-

(১) দাখিল স্তর পাঠদানের/খোলার (৯ম শ্রেণি) অনুমতি পত্র।

(২) দাখিল স্তর একাডেমিক স্বীকৃতি/১০ম শ্রেণি খোলার অনুমিতপত্র।

(৩) আলিম স্তর পাঠদানের/১ম বর্ষ খোলার অনুমতিপত্র (ফাযিল ও কামিল স্তরের মাদ্রাসার জন্যও আলিম স্তরের অনুমতি তথ্য প্রদান করতে হবে)।

(৪) আলিম স্তর একাডেমিক স্বীকৃতি/দ্বিতীয় বর্ষ খোলার অনুমতি পত্র । (ফাযিল ও কামিল স্তরের মাদ্রাসার ক্ষেত্রেও আলিম স্বীকৃতির তথ্য প্রদান করতে হবে)।

(৫) স্বীকৃতি নবায়নের সর্বশেষ অফিস আদেশের কপি। (ফাযিল ও কামিল স্তরের মাদ্রাসা শুধু আলিম স্তরের সর্বশেষ স্বীকৃতি নবায়নের কপি প্রদান করবে।

(৬) এমপিওভুক্তির তারিখ (দাখিল ও আলিম স্তরের এমপিওভুক্তির তারিখ এন্ট্রি করতে হবে কোন কপি সংযুক্ত করতে হবে না)।

(৭) সুপার/অধ্যক্ষ এর দাপ্তরিক (ব্যক্তিগত নয়) মোবাইল নম্বর (বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক মাদ্রাসার নামে ক্রয়কৃত ২টি নম্বরের মধ্যে ১টি)।

বি:দ্রঃ দাখিল মাদ্রাসাগুলো দাখিল স্তর এবং আলিম ফাযিল ও কামিল স্তরের মাদ্রাসাগুলো দাখিল ও আলিম উভয় স্তরের তথ্য প্রদান করবেন।

বর্ণিত রেকর্ডপত্র স্ক্যান করে পিডিএফ ফরমেটে সেভ করে পেন ড্রাইভ বা সিডিতে অথবা অন্য কোনভাবে সফটকপি তৈরি করে নিম্নরূপভাবে অনলাইনে সাবমিট করতে হবে ।

(ক) ইন্টারনেট ব্রাউজারের মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.bmeb.gov.bd) প্রবেশ করে অনলাইন সেবা মেনুর ই-ফাইলিং বাটনে ক্লিক করে ই-অফিস ম্যানেজমেন্ট স্ক্রিনে প্রবেশ করুন। উক্ত স্ক্রীনের "মাদ্রাসার তথ্য আপডেট ফরম" লেখা বাটনে ক্লিক করে মাদ্রাসার তথ্য সংগ্রহের ফরম স্ক্রীনে প্রবেশ করুন।

(খ) অত:পর পর্যায়ক্রমে **EIIN** এবং পাসওয়ার্ড (অনলাইনে রেজিস্ট্রেশন এবং ফরম পূরণ কাজের বোর্ড কর্তৃক সরবরাহকৃত পাসওয়ার্ড) দিয়ে **Find** বাটনে ক্লিক করুন।

(গ) "মাদ্রাসার স্তর" এর নীচে মাদ্রাসার বর্তমান স্তর লেখা এর ডান পাশের ড্রপ ডাউন লিস্ট থেকে মাদ্রাসার বিদ্যমান সর্বশেষ স্তর সিলেক্ট করুন।

(ঘ) পরবর্তী ধাপে " দাখিল স্তরের পাঠদানের অনুমতি" লেখা বক্সের বাম দিকের চেক বক্সে টিক চিহ্ন দিলে ব্রাউজ বাটন এ্যাকটিভ হবে এবং ব্রাউজ বাটনে ক্লিক করে পিডিএফ হিসেবে প্রস্তুতকৃত ও সংরক্ষিত দাখিল ৯ম শ্রেণি খোলার/পাঠদানের অনুমতি পত্রটির অবস্থান সিলেক্ট করে অনুমতিপত্রটি সংযুক্ত করে দিন এবং নীচের বক্সের ক্যালেন্ডার থেকে ১ম অনুমতি তারিখ (যে শিক্ষা বর্ষ থেকে অনুমতি প্রদান করা হয়েছে) এবং নবায়নের মেয়াদকাল (বছর) এন্ট্রি করুন।

(চ) একই পদ্ধতিতে আলিম স্তরের পাঠদানের অনুমতি এবং দাখিল ও আলিম স্তরের একাডেমিক স্বীকৃতি ও সর্বশেষ স্বীকৃতি নবায়নের তথ্য সংযুক্ত ও এন্ট্রি করুন। ফাযিল ও কামিল মাদ্রাসাগুলো শুধু আলিম স্তরের নবায়নের কপি সংযুক্ত ও তারিখ এন্ট্রি করবে।

(ছ) এমপিওভুক্ত মাদ্রাসা হলে "দাখিল স্তরের এমপিও তথ্য" বাটনের নীচে দাখিল এমপিও এর ডানপাশে 'Yes' বাটনে ক্লিক করলে দাখিল এমপিও ভুক্তির তারিখ লেখার জন্য ক্যালেন্ডারে ওপেন হবে । এখানে দাখিল এমপিও ভুক্তির তারিখ এন্ট্রি করতে হবে। মাদ্রাসায় আলিম স্তর এমপিওভুক্ত হলে একই ভাবে পরের ধাপে আলিম স্তরের এমপিওভুক্তির তারিখ এন্ট্রি করতে হবে। (ফাযিল ও কামিল মাদ্রসার ক্ষেত্রেও আলিম স্তরের এমপিওভুক্তির তারিখ এন্ট্রি করুন) । এমপিওভুক্ত না হলে 'No' সিলেক্ট করুন।

(জ) সর্বশেষ ধাপে মাদ্রাসা প্রধানের মোবাইল নম্বরটি (যা ইতোপূর্বে বোর্ডে সরবরাহ করা হয়েছে) দেখা যাবে । ইতোপূর্বে বোর্ডে মাদ্রাসার দাপ্তরিক নম্বর প্রদান করা না হলে এই ঘরটি খালি দেখা যাবে। ঘর খালি দেখালে বা বিদ্যমান নম্বর পরিবর্তীত হলে এই ঘরে মাদ্রাসা প্রধানের সঠিক দাপ্তরিক মোবাইল নম্বরটি (ব্যক্তিগত নম্বর দেয়া যাবেনা) এন্ট্রি করে (দৃশ্যমান নম্বরটি সঠিক হলে নতুন করে এন্ট্রি করার প্রয়োজন নাই) ডান পাশের লাল বক্সে ("মোবাইল নম্বরটি যাচাই করুন") বাটনে ক্লিক করলে এন্ট্রিকৃত/বিদ্যমান মোবাইল নম্বরে ৪ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড প্রেরিত হবে। উক্ত কোডটি নীচের পিন বক্সে এন্ট্রি করে সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন।

উল্লেখ্য যে, তথ্য প্রদানে বিলম্ব হলে অথবা তথ্য প্রদান না করার কারণে কোন মাদ্রাসা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হলে সংশ্লিষ্ট মাদ্রাসা কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

21.01.18

(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮।

অধ্যক্ষ/সুপার
বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

নং ৩৭.১৬.০০০০.০০২.১৮.০০১.১৮.০০৬২, তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

১। কেন্দ্র সচিব (সকল), দাখিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র ২০১৮,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। তার কেন্দ্রাধীন সকল মাদ্রাসা প্রধানকে বিষয়টি অবহিতকরণসহ জরুরি ভিত্তিতে বর্ণিত তথ্য প্রদান নিশ্চিত করনের জন্য অনুরোধ করা হলো।

২। মাদ্রাসা পরিদর্শক/উপ-পরিদর্শক/সিনিয়র সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার (আইসিটি সেল)। বা.মা.শি.বোর্ড।

(মোঃ মজিবুর রহমান)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪।